62

দৈনিক ইনকিলাব

তারিখ ... 21 FEB 1997 ...
পৃষ্ঠা 2 কলাম 2 ...

# ১৯৯৭ সালের একুশে পদকপ্রাপ্তদের নাম ঘোষণা

নিজ নিজ ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার নিম্নবর্ণিত বিশিষ্ট সাহিত্যিক, শিক্ষাবিদ, সাংবাদিক ও শিল্পীদেরকে একুশে পদক ১৯৯৭ পুরস্কারে ভূষিত করেছে।

পুরস্কৃত প্রত্যেককে এককালীন নগদ ২০,০০০ টাকা তৎসহ ১৮ ক্যারেট মানের তিন ভরি ওজনের একটি স্বর্ণপদক ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

পদকপ্রাপ্তরা হচ্ছেন সাহিত্যে জনাব আবু ইসহাক, ভাস্কর্যে বেগম নভেরা আহমেদ ও মিঃ নিতুন কুন্ডু, সংগীতে (মরণোত্তর) প্রয়াত শিল্পী দেবু ভট্টাচার্য, নৃত্যে (মরণোত্তর) প্রয়াত শিল্পী রুনু বিশ্বাস, শিক্ষায় ডঃ রাজিয়া খান ও ডঃ সিরাজুল হক, সংগীতে বেগম শবনম মুশতারী, সাংবাদিকতায় জনাব সন্তোষ গুপ্ত ও মরহুম মোনাজাত উদ্দিন (মরণোত্তর) এবং নাটকে জনাব মমতাজ উদ্দীন আহমদ। তথ্য বিবরণী।